দৈনিক
আমাদের সময়
13 APR 2017

# শিক্ষক বাতায়নে যুক্ত হতে শিক্ষা সচিবের চিঠি

নিজস্ব প্রতিবেদক ●

জাতিসংঘের নেওয়া টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনের জন্য সারা দেশের শিক্ষকদের অবিলম্বে 'শিক্ষক বাতায়নে' অন্তর্ভুক্ত করার জন্য নির্দেশনা দিয়ে চিঠি দিয়েছেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহবার হোসেন।

গতকাল মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক থেকে শুরু করে শিক্ষার মাঠপর্যায়ের কর্মকর্তা ও শিক্ষকদের এই চিঠি দেওয়া হয়।

এতে বলা হয়েছে, ২০২১ সালের মধ্যে সব শিক্ষককে শিক্ষক বাতায়নে অন্তর্ভুক্তির যে প্রত্যাশা প্রধানমন্ত্রী ব্যক্ত করেছেন, তা পূরণে আমরা বদ্ধপরিকর। এ বিষয়ে গুরুত্বের সঙ্গে কার্যক্রম গ্রহণের জন্য আলোকপাত করায় এসডিজিবিষয়ক মুখ্য সমন্বয়ক আবুল কালাম আজাদকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে ইতোমধ্যেই আমরা শিক্ষা ক্ষেত্রে নানা কর্মসূচি গ্রহণ করেছি। এর মধ্যে শিক্ষকদের পেশাগত দক্ষতা ও কন্টেন্ট আদান-প্রদানের জন্য অনলাইন প্লাটফরম 'শিক্ষক বাতায়ন' বিশেষভাবে উল্লেখযোগ্য। আনন্দের বিষয় যে, শিক্ষক বাতায়নে ইতোমধ্যেই দেড় লাখ শিক্ষক সদস্য হয়েছেন। পর্যায়ক্রমে সবাইকে এর আওতায় আনতে হবে।